

রেজিস্ট্রারের কার্যালয়  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
খুলনা-৯২০৩।

**বিজ্ঞপ্তি**

২০২০-২০২১ইং শিক্ষাবর্ষে সিভিল ইঞ্জিঃ, মেকানিক্যাল ইঞ্জিঃ, আইইএম, লেদার ইঞ্জিঃ, টেক্সটাইল ইঞ্জিঃ, এমএসই, সিএইচই এবং এমটিই বিভাগের ২য় বর্ষ ১ম টার্মের ও সিভিল ইঞ্জিঃ, ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিঃ, মেকানিক্যাল ইঞ্জিঃ, আইইএম, ইএসই, বিএমই, লেদার ইঞ্জিঃ, টেক্সটাইল ইঞ্জিঃ, এমএসই, সিএইচই এবং এমটিই বিভাগের ৩য় বর্ষ ১ম টার্ম এবং বিইউআরপি বিভাগের ৪র্থ বর্ষ ১ম টার্মের কোর্স রেজিস্ট্রেশন অনলাইনের মাধ্যমে আগামি ২৭/০৩/২০২২ইং থেকে ০৫/০৪/২০২২ইং তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট বিভাগের ছাত্র/ছাত্রীদেরকে কোর্স রেজিস্ট্রেশনের জন্য বিভাগীয় প্রধান/কোর্স এ্যাডভাইজার এর নিকট হতে রেজিস্ট্রেশনকৃত ক্রেডিট নির্ধারণ পূর্বক বিভাগীয় প্রধানের নিকট হতে রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ করার পর শিক্ষা শাখা হতে নিম্নবর্ণিত হারে বিভিন্ন খাতের ফি বাবদ টাকা পরিশোধের রশিদে স্বাক্ষর গ্রহণ করে জনতা ব্যাংকে টাকা জমা দেয়ার জন্য বলা যাচ্ছে।

**ফি এর বিবরণ**

(২য়, ৩য় ও ৪র্থ বর্ষ ১ম টার্ম)

সঞ্চয়ী হিসাব নং-২৫৮৯		
৩।	বেতন (প্রতি শিক্ষাবর্ষ)	৩২০/-
৪।	কোর্স রেজিস্ট্রেশন ফি (প্রতি ক্রেডিট ২৫/- হারে) ন্যূনতম	৫০০/-
৫।	আসন ভাড়া	৪০/-
৬।	চিকিৎসা ফি	২২০/-
৯।	পরীক্ষার ফি	(প্রতি টার্ম) ৩৫০/-
১২।	ইন্টারনেট চার্জ	
১৩।	গ্রেডশীট	২৫/-
১৪।	পরিবহন ফি	২২৫/-
১৫।	বিদ্যুৎ	৩০০/-
		মোট = ২১৬০/-
সঞ্চয়ী হিসাব নং-২১৪৩		
২০।	ধর্মীয় (প্রতি শিক্ষাবর্ষ)	৫০/-
সঞ্চয়ী হিসাব নং-২৩০৩		
২১।	ছাত্র বিষয়ক কার্যক্রম	১৫০/-
২২।	সাহিত্য ও সংস্কৃতি ফি	(প্রতি শিক্ষাবর্ষ) ৮৫/-
২৩।	খেলাধুলা ফি	
২৪।	বার্ষিকী	৬০/-
		মোট = ৫৪৫/-
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০		
২৬।	জরুরী সাহায্য তহবিল (প্রতি টার্ম)	১০০/-
সঞ্চয়ী হিসাব নং-০১০০০৮৬৯৪৯৭৭১		
২৭।	বিএনসিসি (প্রতি শিক্ষাবর্ষ)	৪০/-
		সর্বমোট = ২৮৯৫/-

জরিমানা ছাড়া টাকা জমা দেয়ার তারিখ : ২৭/০৩/২০২২ইং থেকে ০৫/০৪/২০২২ইং  
২০০/- (দুইশত) টাকা জরিমানাসহ জমা দেয়ার তারিখ : ০৬/০৪/২০২২ইং থেকে ১৭/০৪/২০২২ইং

নির্ধারিত সময়ের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে উক্ত টার্মের জন্য কোর্স রেজিস্ট্রেশন গ্রহণ করা হবে না।

**টাকা, ফরম জমা ও রেজিস্ট্রেশন করার নিয়ম :**

- কোর্স রেজিস্ট্রেশন কার্ডে প্রভোস্ট, কোর্স এ্যাডভাইজার এবং বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর শিক্ষা শাখা কর্তৃক যাচাই পূর্বক উক্ত শাখা টাকা জমা দেয়ার জন্য ছাড়পত্র প্রদান করবে।
- কোন ছাত্র/ছাত্রীর ২০ (বিশ) ক্রেডিটের বেশী হলে (ভগ্নাংশ হলেও পূর্ণ ক্রেডিট হিসেবে গণ্য হবে) প্রতি ক্রেডিটের জন্য ২৫/- (পঁচিশ) টাকা হারে অতিরিক্ত প্রদান করতে হবে।
- ব্যাংকে টাকা জমা দেয়ার পর অনলাইনের মাধ্যমে কোর্স রেজিস্ট্রেশন করে জমা রশিদ ও কোর্স রেজিস্ট্রেশন কার্ড শিক্ষা শাখায় জমা দিতে হবে।

কোর্স রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে ০১৭১৪ ০৮৭ ২১৪ মোবাইল নম্বরে ৯টা থেকে ৫টার মধ্যে (অফিস বন্ধের দিন ব্যতীত) যোগাযোগ করা যেতে পারে।

*Arbabul Karim*  
২৬/০৩/২০২২

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

*Arbabul Karim*  
২৬/৩/২২

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/সংস্থাপন/২৭২/২২ তারিখ: ২৬/০৩/২০২২  
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো:

- ১। ডীন, সকল অনুষদ।
- ২। পরিচালক, আইআইসিটি, আইডিএম ও আইইপিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। বিভাগীয় প্রধান সিভিল ইঞ্জিঃ, ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিঃ, মেকানিক্যাল ইঞ্জিঃ, আইইএম, ইএসই, বিএমই, লেদার ইঞ্জিঃ, টেক্সটাইল ইঞ্জিঃ, এমএসই, সিএইচই, এমটিই এবং বিইউআরপি বিভাগ অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধ সহ।
- ৪। প্রভোস্ট, সকল হল, অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধ সহ।
- ৫। কম্পিউটার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। প্রকৌশলী মিহিরলাল সরকার, সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (উক্ত বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধ সহ)
- ৮। ম্যানেজার, জনতা ব্যাংক লিঃ, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা, খুলনা। ছাত্র/ছাত্রীদের পরীক্ষার ফি ও অন্যান্য পাওনাদি জমা দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুরোধ করা হলো। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখার ছাড়পত্র ছাড়া কোন টাকা জমা না নেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ৯। সকল বিজ্ঞপ্তি ফলক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। সংরক্ষণ নথি।

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়